# উপজেলা পরিষদ কার্যালয়

## আটপাড়া, নেত্রকোণা

### উপজেলা পরিষদের মে ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব রুয়েল সাংমা, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা |
| সভার তারিখ ও সময় | : | ২৬.০৫.২০২৫ খ্রিঃ, বেলা ১১.০০ টা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হল রুম। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-খ |
| সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: | | পরিশিষ্ট-গ |

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। কমিউনিটি ক্লিনিকে ওষুদ সরবরাহ নেই। তবে এ্যাম্বুলেন্স অচল ও ড্রাইভার না থাকায় এ্যাম্বুলেন্স এর সেবা বন্ধ রয়েছে। এক্সরে ফিল্ম না থাকায় এক্সরে বন্ধ আছে। হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতাকর্মীর সংকট রয়েছে এবং গাইনী ও সার্জারী কনসাল্টেন্ট না থাকায় অপারেশন থিয়েটারের কার্যক্রম সাময়িকভাবে বন্ধ আছে। উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা কর্মসূচী থেকে এ্যাম্বুলেন্স মেরামত ও মিউনিটি ক্লিনিকে ওষুদ সরবরাহের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত এ্যাম্বুলেন্স মেরামত ও কমিউনিটি ক্লিনিকে ওষুদ সরবরাহের জন্য কার্যক্রম চলমান আছে। | ক) রোগীদের সেবার মান বাড়াতে এবং সেবা প্রার্থীদের ভোগান্তি কমানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজন করে অত্র সভায় অবহিত করতে হবে।<br>গ) উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা এডিবি প্রকল্পের আওতায় এ্যাম্বুলেন্স মেরামত ও কমিউনিটি ক্লিনিকে ওষুদ সরবরাহ করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, আটপাড়া। |
| ২. | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে আউশের আবাদ হয়েছে ৪৫০ হে.। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) কৃষকদের পুষ্টির চাহিদা মিটানোর জন্য বাড়ি বাড়ি উঠানে সবজি চাষে উদ্বুদ্ধ করতে হবে।<br>(ঘ) প্রত্যেক মাসে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আহবান করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সকল কাজ- চিকিৎসা, ভ্যক্সিনেশন, ডিওয়ার্মিং, কৃত্রিম প্রজনন, ঘাস চাষসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া হাঁসমুরগি, কবুতরের পক্স, রানীক্ষেত্র ভ্যক্সিনের সরবরাহ পর্যাপ্ত আছে। রোগ ব্যাধি নিয়ন্ত্রণে সব ধরণের পরামর্শ প্রদান করা হচ্ছে। সামনে কোরবানীর ঈদ উপলক্ষ্যে পশুর হাট তত্তাবধানের জন্য ০৩ টি ভেটেরিনারি টিম গঠন করা হয়েছে। তারা সার্বক্ষনিক কোরবাণীর হাট তদারকি করবে। আটপাড়া উপজেলায় কোরবানির চাহিদা মিটানোর জন্য পর্যাপ্ত পশু রয়েছে।<br>সভায় সভাপতি জানান যে, বরাদ্ধ পাওয়া গেছে। বরাদ্ধকৃত লবন যথাযথভাবে বিতরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। কোরবানীর পশুর চামড়া সংরক্ষণের জন্য লবনের যথাযথ ব্যবহাররের লক্ষ্যে উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তার আহ্বায়ক করেন ০১ কমিটি গঠণ করা হয়। | (ক) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>(খ) কোরবানীর ঈদ উপলক্ষ্যে পশুর হাট তত্তাবধানের জন্য ০৩ টি ভেটেরিনারি টিমের কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করতে হবে।<br>(খ) কোরবানীর পশুর চামড়া সংরক্ষণের জন্য লবনের যথাযথ ব্যবহার নিশ্চিত করে ০১ টি প্রতিবেদন সভায় দাখিল করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় সভায় সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়<br>(ঘ) এডিবি প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দ দিয়ে মৎস্য অভায়শ্রমের স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল |
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তবে জন্মবিরতিকরণ কন্ট্রাসেটিভের ঘাটতি থাকার কার্যক্রম ব্যহত হচ্ছে। উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা কর্মসূচী থেকে কন্ট্রাসেটিভ মালামাল ক্রয়ের কার্যক্রম চলমান আছে। | (ক) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রম সভায় অবহিত করতে হবে।<br>(খ) উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা এডিবি প্রকল্পের আওতায় কন্ট্রাসেটিভ মালামাল দ্রুত ক্রয় সভায় অবহিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |
| ৬. | উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলীর জানান যে, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে আটপাড়া উপজেলার বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি আওতায় প্রকল্পের কাজ চলমান আছে। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ সভা কক্ষ ও উপজেলা পরিষদ কার্যালয়ে বিভিন্ন আসবাপত্র ক্রয় করার বিশেষ প্রয়োজন। উপজেলা পরিষদ সভা কক্ষ ও উপজেলা পরিষদ কার্যালয়ে বিভিন্ন আসবাপত্র ক্রয় করার নিমিত্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। | ক) ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলার বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি আওতায় সকল প্রকল্পের গুণগত মান বজায় রেখে দ্রুত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলা পরিষদ সভা কক্ষ ও উপজেলা পরিষদ কার্যালয়ে বিভিন্ন আসবাপত্র ক্রয় করার নিমিত্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রকল্প গ্রহণ এবং রাজস্ব তহবিল হতে PIC পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, আটপাড়া<br>ও<br>সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় সভায় সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) ২০২৩-২৪ অর্থ বছরে যেসকল নলকূপ স্থাপনের কাজ সম্পূর্ণ হয়েছে তার সচিত্র প্রতিবেদন সভায় অবহিত করতে হবে।<br>(খ) "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর সুবিধাভোগী তালিকা সরেজমিনে যাচাই বাছাই করে তালিকা চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জনস্বাস্থ্য প্রকৌশল আটপাড়া |
| ৮. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের ঈদ-উল-আযহা উপলক্ষে ভিজিএফ চাল বিতরণের তালিকা প্রস্তুতপূর্বক দাখিল করে ডিও গ্রহণ করার জন্য ইউনিয়ন পরিষদ প্রশাসকদের অনুরোধ করেন।<br><br>২০২৪-২০২৫ অর্থ বছরের টি আর কাবিখা ৩য় পর্যায়ে চুক্তিপত্র সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। ২০২৪-২০২৫ অর্থ বছরের টি আর কাবিখা ১ম, ২য় ও ৩য় পর্যায়ে সকল প্রকল্পের অসমাপ্ত কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। | (ক) ২০২৪-২০২৫ অর্থ বছরের ঈদ-উল-আযহা উপলক্ষে ভিজিএফ চাল বিতরণের তালিকা প্রস্তুতপূর্বক যথাযতভাবে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ২০২৪-২০২৫ অর্থ বছরের টি আর কাবিখা ৩য় পর্যায়ে চুক্তপত্র সম্পন্ন করে সভায় অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ)২০২৪-২৫ অর্থ বছরে টি আর/কাবিখা/কাবিটা ১ম, ২য় ও ৩য় পর্যায়ে সকল প্রকল্পের কাজ বিধি মোতাবেক দ্রুত বাস্তবায়ন করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া।<br>ও<br>প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৯. | উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, VWB কার্যক্রমের আওতায় আবেদন প্রক্রিয়াধীন আছে। তাছাড়া উপজেলা এডিবি প্রকল্পের আওতায় নারী উদ্দ্যোক্তাদের জীবনমান উন্নয়নে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে। | (ক) মা ও শিশু সহায়তা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা কিশোর-কিশোরী ক্লাবের সচিত্র প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(ঘ) এডিবি প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দ দিয়ে নারী উদ্দ্যোক্তাদের জীবনমান উন্নয়নে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>ও<br>প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের সুদক্ষ নেতৃত্বে অত্র আটপাড়া উপজেলায় ২০২৫ সালের এস.এস.সি, দাখিল ও এস.এস.সি (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠ ও সুন্দর নকলমুক্ত পরিবেশ সম্পন্ন হয়েছে। তিনি সভাপতি মহোদয়ের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে শধন্যবাদ জ্ঞাপন করেন। অন্যান্য বিভাগীত কার্যক্রম চলমান আছে। | (ক) প্রতিমাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান ও ডিজিটাল ল্যাব পরিদর্শণপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১১. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় সভায় সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) বিদ্যালয় খোলার দিন শিক্ষক/ছাত্র-ছাত্রীদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে।<br>(খ) সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিস্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও শিক্ষার মান উন্নয়নে নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(গ) উপজেলা শিক্ষা ব্যবস্থাপনা কমিটির সভা করে অত্র সভায় অবহিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১২. | উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, এ দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে বিভিন্ন কর্মসূচী ৪র্থ কিস্তির পেরোল প্রদান সম্পন্ন হয়েছে। ঈদের পূর্বেই সকল উপকারভোগীর মোবাইলে নগদ হিসাব নম্বরে টাকা প্রেরণের প্রস্তুতি চলমান আছে। কোন ভাতাভোগী মৃত্যুবরণ করলে মৃত্যুর ৭ দিনের মধ্যে অনলাইন মৃত্যু সনদ তৈরী যথাযত মাধ্যমে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ প্রশাসকদের অনুরোধ করেন।<br>হাসপাতাল সমাজসেবা কার্যালয়ে আওতায় রোগী কল্যাণ সমিতির মাধ্যমে হাসপাতালে আগত গরীব রোগীদের প্রয়োজনীয় ওষুধপত্র কিনে দেওয়া হয়। বিষয়টি ব্যাপক প্রচারের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) ভিক্ষুক ও প্রতিবন্ধিদের তালিকা প্রস্তুত করে পুনর্বাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) উপজেলা সমাজ কল্যাণ পরিষদের সভা করে অত্র সভায় অবহিত করতে হবে।<br>ঙ) ভিক্ষুক পুনর্বাসনের নতুন তালিকা প্রস্তুত করে সভায় অবহিত গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>ও<br>প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৩. | উপজেলা যুব উন্নয়ন অফিস : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, এ দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ইম্প্যাক্ট প্রকল্পের আওতায় বায়োগ্যাস প্লান্ট স্থাপন ও খামার সম্প্রসারণ বিষয়ক কর্মসূচীর বরাদ্দকৃত ০৫ টি ব্যাচের প্রশিক্ষণ মে/২৫ মাসের মধ্যে শেষ হবে। যুবকদের অংশগ্রহণে জনচেতনতামূলক অনুষ্ঠানে সকলের অংশগ্রহণ ও সহযোগিতা কামনা করেন। জেলা কার্যালয়ে আয়োজিত ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের বিষয়ে সভায় অবহিত করেন। | (ক) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋণ আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে কার্যক্রম চলমান আছে। এছাড়া সকল কার্যক্রম অব্যাহত আছে। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) সার্টিফিকেট মামলার বিস্তারিত তথ্যাদি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আটপাড়া |
| ১৫. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া শাখাঃ ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে কার্যক্রম চলমান আছে। এছাড়া ২০২৪-২৫ অর্থ বছরে মে/২৪ মাসে বিতরণ ৬২.০০ টাকা। ২০২৪-২৫ অর্থবছরে ৬১.০০ টাকা। চলতি মাসে আরো ৫০.০০টাকা বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কাজ চলমান আছে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া<br>প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ১৬. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ২৪-২৫ অর্থ বছরে এপ্রিল/২৫ পর্যন্ত ২.২৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিস ছোট ছোট শিল্পখাতে সর্বনিম্ন ৮% সুদে ঋণ প্রদান করে থাকে। তাছাড়া তিনি আরো জানান, পল্লী দারিদ্র বিমোচন অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ প্রশাসকগণের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় করা হয়েছে ১৭৮০/-। অডিট ফি বাবদ ২০০০/- এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ১৪৫০ আদায় করা হয়েছে। এছাড়া সমবায় বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | আটপাড়া উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া |
| ১৮. | উপজেলা জাইকা প্রকল্পঃ সভার সভাপতি জানান যে, উপজেলা জাইকা প্রকল্পের ইউডিএফ জনাব ইসরাত জাহান শিরিন বিগত ১৫ মে ২০২৫ খ্রি. তারিখ হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। আমরা তার আত্মার মাগফেরাত কামনা করি। | নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করে আগামী সভার ০৩ দিন পূর্বে কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), আটপাড়া।<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১৯. | প্রশাসক, উপজেলা পরিষদঃ জানান যে, এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। প্রত্যেককে আইন ও বিধি মোতাবেক দায়িত্ব ও কর্তব্য পালন করার অনুরোধ জানান। | উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), আটপাড়া। |

বিবিধ আলোচনাঃ

২০. উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত নিম্নলিখিত বিলসমূহ সভায় উপস্থাপন হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উক্ত বিলগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্র নং | ব্যয়ের খাত | টাকার পরিমান |
|---|---|---|
| ১. | উপজেলা পরিষদে ঝড়ে উপড়ে পড়া গাছ কর্তন বাবদ একত্রিকরণের ব্যয় বিল | ২১,৫০০/- |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রুয়েল সাংমা)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৫.৫৭৯/(৩০)

তারিখঃ ২৬.০৫.২০২৫ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে
১. উপজেলা...................................কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা
২. প্রশাসক (সকল).............................ইউপি, আটপাড়া, নেত্রকোণা
৩. অফিস কপি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. প্রশাসক, উপজেল পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

(রুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা | ১. প্রশাসক, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ২. উপজেলা কৃষি অফিসার, আটপাড়া, নেত্রকোণা। | ২. প্রশাসক, সুনই ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৩. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ৩. প্রশাসক, বানিয়াজান ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৪. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ৪. প্রশাসক, তেলিগাতী ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৫. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নেত্রকোণা। | ৫. প্রশাসক, দুওজ ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৬. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ৬. প্রশাসক, সুখারী ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৭. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া, নেত্রকোণা। | |
| ৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ১০. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ১১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ১২. উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা | |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ৭. প্রশাসক, লুনেশ্বর ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ২. উপজেলা শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ৩. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা। | |

কর্মকর্তা/জনপ্রতিনিধি ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ট-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| ১. | |

(সুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা